দৈনিক ইনকিলাব

তারিখ ...০৪.[illegible] ১৯[illegible]

পৃষ্ঠা ... [illegible]



# দ্বিতীয় মহিলা বাঙ্গালী মুসলমান গ্র্যাজুয়েটের ইন্তেকাল

॥ স্টাফ রিপোর্টার ॥

গত ৫ সেপ্টেম্বর দিবাগত রাতে দেশের প্রৌঢ়া শিক্ষাবিদ বেগম আলতাফুন্নেসা খন্দকার ইন্তেকাল করেন। (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮০ বছর।

বেগম আলতাফুন্নেসা পাক-ভারত উপমহাদেশের দিবতীয় বাঙ্গালী মুসলমান মহিলা গ্র্যাজুয়েট ছিলেন। তিনি ১৯৩৪ সালে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বেথুন কলেজ থেকে স্নাতক ডিগ্রী লাভ করেন। প্রথম জীবনে কিছুদিন শিক্ষকতা করার পর তদানীন্তন বৃটিশ ভারতে অবিভক্ত বাংলায় ১৯৪৫ সালে তিনি ইন্সপেক্টরস অফ স্কুল পদে যোগদান করেন।

১৯৪৭ সালে উক্ত পদ থেকে অবসর গ্রহণের পর থেকে তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে প্রধান শিক্ষয়িত্রী ও অন্যান্য পদমর্যাদায় জড়িত ছিলেন। এ ছাড়াও তিনি বহু সাংস্কৃতিক ও সেবামূলক প্রতিষ্ঠানের সঙ্গে জড়িত ছিলেন।

বেগম আলতাফুন্নেসা ব্যক্তিগত জীবনে প্রাক্তন প্রেসিডেন্ট খন্দকার মোশতাক আহমেদের বড়ভাই সুপ্রীম কোর্টের প্রবীণ আইনজীবী মরহুম খন্দকার মুসলেহউদ্দিন আহমদের সহধর্মিনি এবং শিক্ষাবিদ প্রফেসর আখতার ইমামের জ্যেষ্ঠ ভগ্নী। মৃত্যুকালে তিনি দুই পুত্র ও দুই কন্যাসহ অসংখ্য শুভানুধ্যায়ী ও গুণগ্রাহী রেখে যান।

মরহুমাকে গত ৬ সেপ্টেম্বর কুমিল্লার দাউদকান্দির দশপাড়াস্থ পারিবারিক গোরস্থানে দাফন করা হয়।

আগামী ৯ সেপ্টেম্বর বুধবার বাদ আসর দশপাড়ায় এবং ১০ সেপ্টেম্বর বৃহস্পতিবার বাদ আসর ঢাকাস্থ ৩৬ নং নবাব কাটারার বাসভবনে মরহুমার কুলখানি অনুষ্ঠিত হবে।